গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.০০০.১০৩.০৬.০৪০৭.০৩(অংশ-৪).৪০৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ / ০৬ মে ২০২৬

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এপ্রিল, ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ম. জাভেদ ইকবাল, মহাপরিচালক |
| সভার তারিখ | : | ০৬ মে, ২০২৬ |
| সভার সময় | : | সকাল ১০.০০টা |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এপ্রিল, ২০২৬ মাসে ফিল্ম ইনভেস্টিগেটর জনাব মোঃ খলিলুর রহমান তালুকদারের মাধ্যমে বিভিন্ন প্রযোজনা সংস্থা থেকে ১৮টি বিভিন্ন চলচ্চিত্রের পোষ্টার সংগ্রহ করা হয়। বিভিন্ন উৎস থেকে সংগৃহীত ৩৫মি.মি/১৬মি.মি চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামান্যচিত্র এপ্রিল, ২০২৬ পর্যন্ত সর্বমোট সংগ্রহ ৭,৫৬৩টি এবং বিভিন্ন উৎস থেকে সংগৃহীত ডিজিটাল চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামান্যচিত্র এপ্রিল, ২০২৬ পর্যন্ত সর্বমোট সংগ্রহ ৮,২৫২টি। এপ্রিল ২০২৬ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য কোন সংগ্রহ নেই। | চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ) , ফিল্ম অফিসার |
| ২ | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। এপ্রিল ২০২৬ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (মাটির ঘর, ঈশা খাঁ) ও ০৫টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/ সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | ফিল্ম ডিজিটাইজেশনের সংগ্রহ সংখ্যা বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |
| ৩ | চলচ্চিত্র প্রদর্শনী ও ফিল্ম চেকিং | এপ্রিল ২০২৬ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে সাপ্তাহিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ০৫টি চলচ্চিত্র প্রদর্শনী হয়। এপ্রিল ২০২৬ মাসে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ৬৭টি চেকিং করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার |

**(খ) হিসাব শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | বাজেট বাস্তবায়ন | ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংশোধিত বাজেট বরাদ্দ ১১ কোটি ৮৯ লক্ষ ৯০ হাজার টাকা। ২০২৫-২৬ অর্থবছরের এপ্রিল ২০২৬ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৬ কোটি ৩৫ লক্ষ ৯৫ হাজার ৬২০ টাকা ৬৬ পয়সা, যা মূল বাজেটের ৫৩.৪৫%। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৫ | অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয় | ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষমাত্রা ৪১ লক্ষ ২৫ হাজার টাকা। ২০২৫-২৬ অর্থবছরের এপ্রিল, ২০২৬ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের হল ভাড়া, ফুটেজ ও বই বিক্রয় বাবদ ১১ লক্ষ ৬১ হাজার ১৩৩৩ টাকা সংগৃহীত হয়েছে যা লক্ষ্যমাত্রার মোট আয়ের ২৮.১৪%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬ | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) ২০২৫-২৬ অর্থবছরের প্রাপ্ত ৫টি গবেষণাকর্মের চূড়ান্ত পান্ডুলিপির মূল্যায়ন কাজ চলমান আছে।<br>খ) ২০২৫-২৬ অর্থবছরে ৩টি গ্রন্থ ও একটি জার্নাল মুদ্রণের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রেসের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।<br>গ) বিশেষজ্ঞ কমিটি ২০২৬-২৭ অর্থবছরে গবেষণা ফেলো প্রদানের জন্য সর্বমোট ১০০ নম্বরের মূল্যায়ন প্রক্রিয়ায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১০ (দশ)টি গবেষণা প্রস্তাবের প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের নিমিত্তে সুপারিশ করে।<br>ঘ) জার্নাল সম্পাদনা পরিষদের ১২/০৪/২০২৬ তারিখ অনুষ্ঠিত সভায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'জার্নাল ২২তম' সংখ্যা প্রকাশের জন্য ১৪টি প্রবন্ধ, প্রচ্ছদ চূড়ান্ত হয়েছে। | ক) মূল্যায়ন সম্পন্ন করার জন্য বিশেষজ্ঞ কমিটির সম্মানিত সদস্যগণের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>খ) কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রকাশিতব্য গ্রন্থের সফটকপি সরবরাহ করতে হবে।<br>গ) বিশেষজ্ঞ কমিটি কর্তৃক সুপারিশকৃত ১০টি গবেষণা কার্যক্রমের প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>ঘ) নির্বাচিত প্রবন্ধ ও প্রচ্ছদ প্রেসকে সরবরাহ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান এবং সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | এপ্রিল, ২০২৬ মাসে দপ্তরে ৩টি লিফটের পিরিয়ডিক সার্ভিসিং করা হয়েছে এছাড়া মেইন গেটের পকেট গেট মেরামত, অগ্নি দুর্ঘটনায় জরুরী যোগাযোগ বিষয়ক স্টিকার মূদ্রণ, হিসাব শাখার ফটোকপিয়ার সার্ভিসিং, বিভিন্ন কাজের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় ও স্থাপন, হিসাবরক্ষণ কর্মকর্তার ১টি টেলিফোন সেট ক্রয়, সহকারী লাইব্রেরিয়ানের প্রিন্টার মেরামত, ২ সেট ফায়ার হোস নজেল ক্রয় ও স্থাপন, ডিজিটাল ল্যাব-২ এর ১টি মনিটরের মাদারবোর্ড মেরামত এবং মেয়াদত্তীর্ন ৩২টি ফায়ার ইস্টিংগুইসার রিফিল করে স্থাপন করা হয়েছে। এছাড়া -৮° সে. ফিল্ম ভল্টের আউটডোর ইউনিটের কম্প্রেসর মেরামত ও স্থাপন, ২টি রিলে পরিবর্তন, ১টি ম্যাগনেটিক কন্ডাক্টর পরিবর্তন, আউটডোর ইউনিটে (সিস্টেম-বি) নাইট্রোজেন প্রেসার, ২টি ক্যাপাসিটর পরিবর্তন, ৭টি 6A ফিউজ পরিবর্তন, ইনডোর ইউনিটে (সিস্টেম-এ) সলিনয়েড কয়েল পরিবর্তন এবং R-404A গ্যাস চার্জ করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। গণপূর্ত অধিদপ্তরে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-৪ এসি সুপারভাইজার |

**(ঙ) প্রশাসন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮ | নিয়োগবিধি সংক্রান্ত | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৯ মার্চ ২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০৪১.২২.০০১.২১-১১৯ সংখ্যক পত্র মোতাবেক 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৬' প্রণয়নের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), প্রশাসনিক কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিকভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়।<br>সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম নিয়মিত আপলোড করতে হবে। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।<br>সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম নিয়মিত আপলোড করা হয়। এবিষয়ে সিস্টেম এডমিনকে মহাপরিচালকের ব্যাক্তিগত সহকারী সহযোগিতা করবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ পিএ টু ডিজি |
| ১০ | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপ্রিল, ২০২৬ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ৯৭.৪১% হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১০০% ডি-নথি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, উপপরিচালক, সকল শাখা প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১১ | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ মার্চ ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০৯.২৬.৩৬৭ সংখ্যক পরিপত্র অনুযায়ী বাংলাদেশ ফিল্ম আর্কাইভ বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় করার নিমিত্ত ০৭ সদস্য বিশিষ্ট ভিজিলেন্স কমিটি গঠন করা হয়েছে এবং জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ে সকলকে সচেতন হতে হবে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |
| ১২ | মামলা সংক্রান্ত | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের রীট পিটিশন মামলা নং ৮৬০৪/২০২৫ ১৭-১১-২০২৫ তারিখে সলিসিটর উইং থেকে অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা ও অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ের সাথে মামলা সম্পর্কিত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | পরিচালক উপপরিচালক/ মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৩ | কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত হাজিরা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা নিয়মিত পর্যবেক্ষণ জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়। ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সময়মতো অফিসে উপস্থিতির জন্য অফিস আদেশ জারি করা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তা-কর্মচারীদের সময়মত হাজিরার ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ জোরদার করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের সময়মত হাজিরার ক্ষেত্রে কোনো ব্যত্যয় পরিলক্ষিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক হিসাব রক্ষণ কর্মকর্তা প্রশাসনিক কর্মকর্তা |
| ১৪ | নিরাপত্তা সংক্রান্ত | দেশের সমসাময়িক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অভ্যন্তরে বহিরাগত প্রবেশ নিয়ন্ত্রণ, সিসিটিভি পর্যবেক্ষণ, নিরাপত্তা বৃদ্ধি অগ্নি ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত, সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শনীতে নিরাপত্তা জোরদার করার বিয়য়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অভ্যন্তরে বহিরাগত প্রবেশ নিয়ন্ত্রণ, সিসিটিভি পর্যবেক্ষণ, নিরাপত্তা বৃদ্ধি অগ্নি ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ, সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শনী চলাকালীন বিশেষ সতর্কতা অবলম্বনে আর্চওয়ে, মেটাল ডিটেকটর সার্বক্ষনিক চালু রাখা ও প্রজেকশন হলের বাহিরে অতিরিক্ত আনসার সদস্য মোতেয়েনসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক উপপরিচালক (আর্কাইভ) ফিল্ম অফিসার প্রশাসনিক কর্মকর্তা প্রজেকশনিস্টসহ সকল কর্মকর্তা -কর্মচারী |

**(চ) প্রকল্প বাস্তবায়ন**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৫ | 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক প্রকল্প | প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরুর লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে 'থোক' হতে বরাদ্দপ্রাপ্ত ৫০০.০০ (রাজস্ব: ১৪২.০০+মূলধন: ৩৫৮.০০) লক্ষ টাকা ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ১ম ও ২য় কিস্তিতে (জুলাই - ডিসেম্বর ২০২৫) একত্রে ২৫০.০০ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব ১০/১২/২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। ছাড়কৃত অর্থের বিভাজন IBAS++এন্ট্রি প্রদানের কাজ ফেব্রুয়ারি/২০২৬ মাসে সম্পন্ন হলে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হয়।<br>চলতি অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (আরএডিপি) ১১০০.০০ (রাজস্ব: ১৮০.০০+মূলধন: ৯২০.০০) লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ হতে এ পর্যন্ত ২৫০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। এপ্রিল/২০২৬ পর্যন্ত ব্যয় ৪৩.১৩ লক্ষ টাকা। ২০২৬-২০২৭ অর্থবছরের এডিপিতে ৩৩০০.০০ লক্ষ টাকার বাজেট প্রাক্কলন ২৬/০৪/২০২৫ তারিখে IBAS++এন্ট্রি করা হয়েছে।<br>বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রথম লটে ৪.৮৪ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়কৃত বিভিন্ন ধরনের অফিস আসবাবপত্র ২১/০১/২০২৬ তারিখে কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটির মাধ্যমে বুঝে নেওয়া হয়েছে। ২য় লটে বিভিন্ন ধরণের আসবাবপত্র ক্রয়ের জন্য ২২/০৪/২০২৬ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। প্রাপ্ত দরপত্র ০৩/০৫/২০২৬ তারিখে উন্মুক্ত হয়েছে। দাপ্তরিক কাজের ব্যবহারের জন্য মাসিক ভাড়াভিত্তিতে ১টি মাইক্রোবাস ১৫/০১/২০২৬ তারিখে থেকে চলমান রয়েছে। একটি ফটোকপিয়ার ক্রয়ের জন্য ১২/০৪/২০২৬ তারিখে কৃতকার্য দরদাতার সাথে চুক্তিপত্র সম্পাদিত হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কম্পিউটার/ল্যাপটপ ও প্রিন্টার ক্রয়ের জন্য ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছিল। তবে অর্থ বিভাগের ০৫/০৪/২০২৬ তারিখের পরিপত্রের নির্দেশনার পপ্রিপ্রেক্ষিতে এ খাতে ব্যয় বন্ধ থাকায় দরপত্রসমূহ বাতিল/স্থগিত করা হয়েছে। এছাড়া, অন্যান্য ক্রয় কার্যক্রম চলমান রয়েছে।<br>৩০/০৩/২০২৬ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আরএডিপি অগ্রগতি পর্যালোচনা সভায় সামাজিক মূল্যবোধ ও নৈতিক অবক্ষয় বিষয়ক সচেতনতামূলক কার্যক্রমকে ডিপিপিতে অগ্রাধিকারভিত্তিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ০১/০৪/২০২৬ তারিখে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় এ লক্ষ্যে প্রকল্পের নাম, লক্ষ্য ও উদ্দেশ্য সংশোধনসহ ডিপিপি পুনর্গঠনের প্রস্তাব স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন এবং সংশোধিত ডিপিপি প্রণয়নের সুপারিশ করা হয়। এরপর ১৯/০৪/২০২৬ তারিখে স্টিয়ারিং কমিটির সভায় বিষয়গুলো অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে, দেশের পূর্ণাঙ্গ ইতিহাস সংরক্ষণের স্বার্থে মহান মুক্তিযুদ্ধ, নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনসহ অন্যান্য ঐতিহাসিক ঘটনাপ্রবাহের তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ করা অপরিহার্য হয়ে পড়েছে। এ প্রেক্ষিতে নতুন অঙ্গ সংযোজনের মাধ্যমে ডিপিপি সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। চলতি সপ্তাহের মধ্যে প্রস্তাবিত আরডিপিপি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। পরবর্তীতে, অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের অন্যান্য অঙ্গের কার্যক্রম সম্পাদন করা হবে। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে প্রকল্পের আওতায় সামাজিক সচেতনতামূলক অনুষ্ঠান তৈরির বিষয় অন্তর্ভুক্তকরণসহ ডিপিপি সংশোধনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ম. জাভেদ ইকবাল
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪. উপ-প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫. উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬. সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭. সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯. অফিস নথি।